



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৪৫.০০৬.১৭-১০৩২

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০  
০৪ জুলাই ২০২৩


বিষয়: মৌলভীবাজার পৌরসভার ডাম্পিং স্টেশন নির্মাণের লক্ষ্যে ভূমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র : মৌলভীবাজার পৌরসভার স্মারক নং-মৌপৌ/প্রকৌ/পূর্ত/২৩/১৯৫৮, তারিখ: ০৩ মে ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে মৌলভীবাজার পৌরসভার ডাম্পিং স্টেশন নির্মাণের লক্ষ্যে ৪.০০ একর ভূমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, দেশের সকল পৌরসভায় বর্জ্য ব্যবস্থানার ক্ষেত্রে সনাতন ডাম্পিং পদ্ধতির পরিবর্তে স্বল্প জমিতে আধুনিক ও পরিবেশসম্মত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, মৌলভীবাজার পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে ভূমি ক্রয়ের প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- সনাতন ডাম্পিং পদ্ধতির পরিবর্তে স্বল্প জমিতে আধুনিক ও পরিবেশসম্মত বর্জ্য ব্যবস্থাপনার স্বয়ংসম্পূর্ণ পরিকল্পনা
- ভূমির পূর্ণাঙ্গ তফসিল, ভূমির শ্রেণী ও মালিকানা সম্পর্কিত তথ্য
- প্রস্তাবিত ব্যক্তি মালিকানাধীন ভূমি বিক্রয়ে ভূমির মালিকগণ সম্মত রয়েছেন কিনা?
- ভূমির প্রস্তাবিত ক্রয়মূল্য কত এবং তা কীভাবে নির্ধারণ করা হয়েছে?
- ভূমির ক্রয়মূল্য পৌরসভায় সংস্থান রয়েছে কিনা?
- উক্ত পৌরসভায় সকল কর্মচারীদের বেতন-ভাতা ও আনুতোষিক হালনাগাদ পরিশোধিত রয়েছে কিনা?
- সরকারি মৌজা মূল্য সম্পর্কিত তথ্য;
- ভূমির সম্ভাব্য ক্রয়মূল্য উল্লেখ করে পৌরসভার পরিষদের সভার সুপারিশ, সভার উপস্থিতির প্রমাণকসহ,

  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২  
ইমেইল: [lqpaura1@lgd.gov.bd](mailto:lqpaura1@lgd.gov.bd)

মেয়র  
মৌলভীবাজার পৌরসভা, মৌলভীবাজার

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা